# School Certificate Examination 2017
# Geography (New)

**Time : 3 Hours** **Full Marks : 80**

**Questions are of value as indicated in the margin**

**প্রয়োজনীয় চিত্র আবশ্যিক এবং একই প্রশ্নের উত্তর ভিন্ন ভিন্ন জায়গায় লিখবে না।**

**বিভাগ – 'ক'**

**যে কোন তিনটি প্রশ্নের উত্তর দাও :** 12×3=36

1. (ক) আকৃতি ও গঠন অনুযায়ী আগ্নেয় পর্বতের শ্রেণীবিভাগ করে আলোচনা কর। 5+3+2+1+1=12
   (খ) ডেকানট্র্যাপ কি ?
   (গ) মহীখাত বলতে কি বোঝ ?
   (ঘ) একটি পর্বতবেষ্টিত মালভূমি ও একটি ক্ষয়জাত পর্বতের নাম কর।

2. (ক) হিমবাহের ক্ষয়কার্যের ফলে গঠিত তিনটি ভূমিরূপের বিবরণ দাও। 5+3+2+1+1=12
   (খ) শিলায় মরিচা পড়ে কেন ?
   (গ) সমপ্রায় ভূমি কি ?
   (ঘ) আবহবিকারের দুটি ফলাফল উল্লেখ কর।

3. (ক) নদীর সঞ্চয়কার্যের ফলে গঠিত তিনটি ভূমিরূপের বিবরণ দাও। 5+3+2+1+1=12
   (খ) গ্রাবরেখা কিভাবে গঠিত হয় ?
   (গ) গৌর কি ?
   (ঘ) ভারতের একটি প্রাচীন ভঙ্গিলপর্বত ও একটি গ্রস্ত উপত্যকার নাম লেখ।

4. (ক) বায়ুর চাপের তারতম্যের কারণ উল্লেখ কর। 5+3+2+1+1=12
   (খ) বৈপরিত্য উত্তাপ কি ?
   (গ) 'বৃষ্টিচ্ছায় অঞ্চল' বলতে কি বোঝায় ?
   (ঘ) পৃথিবীর দুটি শক্তিশালী ঘূর্ণবাতের নাম উল্লেখ কর।

5. (ক) বৃষ্টিপাতের শ্রেনিবিভাগ করে আলোচনা কর। 5+3+2+1+1=12
   (খ) ওজোনস্তরের গুরুত্ব কি ?
   (গ) হিমপ্রাচীর কি ?
   (ঘ) বায়ুমণ্ডলের প্রধান দুটি উপাদানের নাম লেখ।

6. (ক) সমুদ্রস্রোত সৃষ্টির কারণগুলি উল্লেখ কর। 5+3+2+1+1=12
   (খ) মরা কোটাল কাকে বলে ?
   (গ) জোয়ার ভাঁটার দুটি সুফল লেখ।
   (ঘ) আটলান্টিক মহাসাগরের একটি উষ্ণ ও একটি শীতল স্রোতের নাম লেখ।

**বিভাগ-'খ'**

**যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও।** 9×2=18

7. (ক) উত্তর ভারতের নদ-নদীর সাথে দক্ষিণ ভারতের নদ-নদীর প্রধান পার্থক্যগুলি লেখ। 5+2+1+1=9
   (খ) 'সামাজিক বনসৃজন' বলতে কি বোঝায় ?
   (গ) ভারতের দুটি পার্বত্য গিরিপথের নাম লেখ।

8. (ক) ভারতের কৃষিতে জলসেচের গুরুত্ব আলোচনা কর। 5+2+1+1=9
(খ) ভারতের লোহিত মৃত্তিকার পরিচয় দাও।
(গ) একটি চিরহরিৎ ও একটি পর্ণমোচী বৃক্ষের নাম কর।

9. (ক) ভারতের গম চাষের অনুকূল ভৌগোলিক পরিবেশ সম্পর্কে লেখ। 5+2+1+1=9
(খ) ম্যানগ্রোভ অরণ্যের প্রধান বৈশিষ্ট্য লেখ।
(গ) ভারতে কার্পাস তুলা চাষের দুটি সমস্যা উল্লেখ কর।

10. (ক) ভারতের পশ্চিমাঞ্চলের কার্পাস বয়ন শিল্পের একদেশী ভবনের কারণ উল্লেখ কর। 5+2+1+1=9
(খ) ভারতে পাটশিল্পের প্রধান দুটি সমস্যা উল্লেখ কর।
(গ) ভারতের দুটি প্রধান লৌহইস্পাত শিল্পকেন্দ্রের নাম কর।

## বিভাগ 'গ'

**যে কোন একটি প্রশ্নের উত্তর দাও।** 10×1=10

11. (ক) এশিয়া মহাদেশের পামীর গ্রন্থি থেকে পশ্চিমদিকে বিস্তৃত পর্বতশ্রেণিগুলির বিবরণ দাও।
(খ) এশিয়া মহাদেশের পশ্চিম বাহিনী নদীসমূহের বিবরণ দাও। 3+3+2+1+1=10
(গ) ইন্দোচীনের মালভূমির পরিচয় দাও।
(ঘ) এশিয়ার একটি পেয় জলের হ্রদের ও একটি লবণাক্ত হ্রদের নাম লেখ।

12. (ক) এশিয়া মহাদেশের জলবায়ুর প্রধান তিনটি বৈশিষ্ট্য উল্লেখ কর। 3+3+2+1+1=10
(খ) 'তাইগা' অঞ্চলের জলবায়ুর বৈশিষ্ট্য বর্ণনা কর।
(গ) এশিয়া মহাদেশের কোন্ কোন্ অঞ্চলে ক্রান্তীয় উষ্ণমরু জলবায়ু দেখা যায় ?
(ঘ) এশিয়ার একটি আগ্নেয় দ্বীপ ও একটি প্রবাল দ্বীপের নাম উল্লেখ কর।

## বিভাগ-'ঘ'

13. **সঠিক উত্তর নির্বাচন করে পূর্ণবাক্যে উত্তর দাও।** 1×10=10
(ক) বায়ুর চাপ মাপার যন্ত্রের নাম (ব্যারোমিটার/হাইগ্রোমিটার/ল্যাক্টমিটার)।
(খ) অশ্বঅক্ষাংশ দেখা যায় (৩৫°/৫৩°/৬৬°) অক্ষাংশে।
(গ) মিস্ট্রাল একটি (শীতল/উষ্ণ/নাতিশীতোষ্ণ) বায়ু।
(ঘ) অধিক উষ্ণ অঞ্চলে (যান্ত্রিক/রাসায়নিক/জৈবিক) আবহবিকার দেখা যায়।
(ঙ) 'Lapse Rate' দেখা যায় (ট্রোপোস্ফিয়ার/স্ট্র্যাটোস্ফিয়ার/ওজোনস্তরে)।
(চ) পৃথিবীর উচ্চতম জলপ্রপাত হল (এঞ্জেল/যোগ/নায়গ্রা)।
(ছ) ভারতের দক্ষিণতম স্থলবিন্দু হল (ইন্দিরা পয়েন্ট/কুমারিকা অন্তরীপ/নিউমুর)।
(জ) রডোডেনড্রন গাছটি দেখা যায় (পার্বত্য অঞ্চল/মালভূমি অঞ্চল/সমভূমি অঞ্চলে)।
(ঝ) সোনালী তন্তু বলা হয় (পাট/ধান/চা)কে।
(ঞ) দক্ষিণ ভারতের বৃহত্তম বস্ত্রবয়ন কেন্দ্র হল মাদুরাই/চেন্নাই/কোয়েম্বাটুর)।

## বিভাগ-'ঙ'

14. **প্রদত্ত ভারতের রেখাচিত্রে নিম্নলিখিতগুলিকে উপযুক্ত প্রতীক ও চিহ্নসহ চিহ্নিত কর।** 1×6=6
(ক) কচ্ছের রণ (খ) চিল্কাহ্রদ (গ) কলকাতা (ঘ) কাবেরী নদী (ঙ) সাতপুরা পর্বত
(চ)একটি গুরুত্বপূর্ণ চা উৎপাদক অঞ্চল